



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট

(বারটান)

প্রশিক্ষণ শাখা

আড়াইহাজার, নারায়ণগঞ্জ

www.birtan.gov.bd



কৃষিই সমৃদ্ধি

স্মারক নম্বর: ১২.০৯.০০০০.০০০.০০৭.২৫.০০০১.২৩.৩৮০

তারিখ: ২১ আশ্বিন ১৪৩৩
০৬ অক্টোবর ২০২৬

বিষয়: সুস্বাস্থ্যের জন্য ফলিত পুষ্টি বিষয়ক প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান।

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান। বারটান দেশে খাদ্য ও পুষ্টি সম্পর্কিত সচেতনতা বৃদ্ধির মাধ্যমে জনস্বাস্থ্যের উন্নয়ন তথা প্রয়োজনীয় সুস্বাদু খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের উদ্দেশ্যে কৃষি সেক্টরে খাদ্য ভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। খাদ্যভিত্তিক পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ ও মাঠ গবেষণা লক্ষ্যে কাজে লাগিয়ে স্বল্প মূল্যে পুষ্টিমান সমৃদ্ধ খাবার গ্রহণ, সুস্বাদু খাবার নির্বাচন, বয়স ও রোগভিত্তিক খাদ্য নির্বাচন, বিভিন্ন খাদ্যের পুষ্টিমান বিষয়ে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে পুষ্টি সমস্যা নিরসনে ভূমিকা রেখে জাতীয় উন্নয়নে বারটান অবদান রাখছে। এরই অংশ হিসেবে আগামী ১২-১৪ অক্টোবর ২০২৬ তারিখ পর্যন্ত বারটান প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ ভবনের সম্মেলন কক্ষ-০১ ও ০২ এ সকাল ৯.৩০ ঘটিকা হতে “সুস্বাস্থ্যের জন্য ফলিত পুষ্টি” বিষয়ক ০৩ (তিন) দিনব্যাপী ০২ (দুই) ব্যাচ প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে নিম্ন বর্ণিত তালিকা অনুযায়ী অংশগ্রহণকারীর সংখ্যা নির্ধারণ করা হয়েছে।

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম	প্রশিক্ষণার্থীর ধরন	প্রশিক্ষণার্থীর সংখ্যা
১.	কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট আড়াইহাজার নারায়ণগঞ্জ	উপসহকারী প্রশিক্ষক	০২ জন
২.	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা	উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার/স্বাস্থ্য সহকারী/কমিউনিটি হেল কেয়ার প্রভাইডার/মিডওয়াইফ	০৫ জন
৩.	হটিকালচার সেন্টার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ	উপসহকারী উদ্যান কর্মকর্তা	০২ জন
৪.	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, আড়াইহাজার, নারায়ণগঞ্জ	শিক্ষক-শিক্ষিকা (বিজ্ঞান/কৃষি শিক্ষা/ শারীরিক শিক্ষা/গৃহস্থ বিজ্ঞান)	০৮ জন
৫.	উপজেলা শিক্ষা অফিস, আড়াইহাজার, নারায়ণগঞ্জ	শিক্ষক-শিক্ষিকা	০৮ জন
৬.	উপজেলা কৃষি অফিস, আড়াইহাজার, নারায়ণগঞ্জ	কৃষান-কিষানি	কৃষান-০৮ জন, কৃষানি-০৭ জন

এমতাবস্থায়, আপনার প্রতিষ্ঠানের অনুকূলে নির্ধারিত সংখ্যক প্রশিক্ষণার্থী মনোনয়নপূর্বক (পূর্বে যারা এ প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদেরকে পুনরায় মনোনয়ন দেওয়া যাবে না) নিম্নোক্ত ছক পূরণ করে আগামী ১১ অক্টোবর ২০২৬ তারিখের মধ্যে training@birtan.gov.bd ই-মেইলে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য, মনোনয়ন প্রদানের ক্ষেত্রে স্ব স্ব প্রতিষ্ঠানের নতুন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণকে অগ্রাধিকার দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	অংশগ্রহণকারীর নাম ও পদবী	প্রতিষ্ঠানের নাম/ঠিকানা	মোবাইল নং

অর্থমন্ত্রণালয় কর্তৃক জারীকৃত স্মারক অনুযায়ী প্রত্যেক প্রশিক্ষণার্থী দৈনিক ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র হারে প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন।



০৬-১০-২০২৬

ড. মো: আব্দুর রাজ্জাক
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ৩। উপজেলা কৃষি অফিসার, উপজেলা কৃষি অফিস, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ৪। উদ্যানতত্ত্ববিদ, হার্টিকালচার সেন্টার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ৬। উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিস, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

স্মারক নম্বর: ১২.০৯.০০০০.০০০.০০৭.২৫.০০০১.২৩.৩৮০/১(৪)

তারিখ: ২১ আশ্বিন ১৪৩৩
০৬ অক্টোবর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ), পরিচালক (প্রশাসন ও অর্থ)-এর দপ্তর, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)।
- ২। জনাব সৈয়দ সাকিব আহমেদ, সিনিয়র সহকারী পরিচালক, প্রশাসন শাখা, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)।
- ৩। মিজ সুলতানা পারভীন মুক্তা, বৈজ্ঞানিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)।
- ৪। জনাব তৌফিকুর রহমান, সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]।



০৬-১০-২০২৬

মোঃ কাওসার আহমেদ
সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা